দর্শনা কেরুজ চিনিকল ও কৃষি খামার আখ রোপনের উদ্ধোধন

দর্শনা কেরুজ চিনিকল পরিদর্শন ও কৃষি খামারে পীট পদ্ধতি আখ রোপন,আখচাষীদের সাথে মতবিনিময় ও রোপন মৌসুমের শুভ উদ্ধোধন করেন।

গতকাল শনিবার দুপুরে বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশনের নবাগত চেয়ারম্যান (গ্রেড-১) কেরুর কৃষি খামার পরিদর্শন করেছেন। চিনিকল সুত্রে জানাযায় বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশনের নবাগত চেয়ারম্যান শেখ সোয়েবুল আলম এন ডিসি সপ্তাহ তিনেক আগে এ দায়িত্বে নিয়োজিত হন। অন্য মিলে যাওয়ার আগেই তিনি গতকাল শনিবার সকালে কেরু চিনিকল কারখানা ও ডিষ্টিলারী ঘুরে ঘুরে দেখেন এবং বিভিন্ন বিষয়ে খোজ খবর নেন। কেরু মিল পরিদর্শন শেষে দুপুরে কেরুর কৃষি খামার পরিদর্শন করেন। প্রথমেই তিনি ঈশ্বরচন্দ্রপর গ্রামের আখ চাষী আব্দুল হান্নানের জমিতে আখ রোপন করেন।

পরে জীবননগর উপজেলার উথলী ইউনিয়ের মিলস গেট উথলীর ৫নং ইউনিটের সিডিএ সাকী মাহমুদের তত্ত্বাবধানে আফজালুল হক ধীরু,শামীম হোসেন,শওকত,কাওসার, রাশিদুল, আমির,ছমির ও আখ চাষী হাবিবুরের জমিতে ১৮ একর আখ রোপন মৌসুমের উদ্ধোধন করেন। আখ রোপন শেষে দোয়া মাহফিল অনুষ্টিত হয়।
আখ রোপন শেষে কেরুর ডিহিকৃষ্ণপুর কৃষি খামারে সুগার প্লান্টে আখ রোপন,পিট পদ্ধতিতে আখ রোপন দেখেন ও মিলজোন এলাকার দুজন চাষীর জমিতে আখ রোপনের উদ্বোধন করেন। তার আগে উথলি একজন আখচাষীর জমিতে আখ রোপন করেন ও স্হানীয় চাষীদের সাথে এক মত বিনিময় সভা করেন।

কেরুর এম ডি মোহাম্মদ মোশারফ হোসেনের সভাপতিত্বে প্রধান অথিতির বক্তব্যে কর্পোরেশন চেয়ারম্যান শেখ শোয়েবুল আলম এনডিসি চাষীদের উদ্দেশ্যে বলেন সরকার অখের দাম এ মৌসুমে প্রতিমন ২২০ টাকা বাড়িয়েছে, আগামী মৌসুমে পাবেন প্রতিমনে ২৪০ টাকা। তার পরেও সরকার আপনাদের পাশে আছে,,যখন যা প্রয়োজন তা অবশ্যই করা হবে,,চাষী সংক্রান্ত সব সুযোগ করে দেয়া হবে,,তিনি বলেন আখচাষ বাড়ান,সাথে ফলনটাও বাড়ান, প্রয়োজনে সাথী ফসল করে অধিক মুনাফা অর্জন করুন। চাষীদের সাথে মত বিনিময শেষে কেরুর ডিহি কৃষি খামারে

আসেন। খামারের আখ রোপন দেখেন ও অফিসে কিছু সময় কাটান।

এ সময় আরও উপস্থিত ছিলেন, কর্পোরেশনের সচীব চৌধুরী রুহুল আমিন কায়সার,দর্শনা কেরু এ্যান্ড কোম্পানীর সুযোগ্যা ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মম মোশারফ হোসেন, জি এম (কৃষি) আশরাফুল আলম ভুঁইয়া, মহাব্যাবস্থাপক ডিস্টিলারি রাজিবুল হাসান, কেরুজ প্রশাসন বিভাগের এডিএম ইউসুফ আলী, ডি জি এম (খামার) সুমন কুমার, ডিজিএম মাহাবুব হাসান,ডিহিকৃষ্ণপুর খামার ইনচার্জ ইমদাদুল হক, দর্শনা কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ,সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, যুগ্ন সম্পাদক মোস্তফিজুর রহমান, বিকাল চারটায় তিনি ঢাকার উদ্দেশ্যে দর্শনা কেরু চিনিকল ত্যাগ করেন।

দর্শনা কেরুজ কৃষি খামারের আখ রোপন কাজে আধুনিক যন্ত্রের ব্যবহার

বাংলাদেশে এই প্রথম ৮৫ বছর পর দর্শনা কেরুজ চিনিকলের কৃষি খামারে আখ রোপনের কাজে যুক্ত হয়েছে সুগার কেইন প্লান্টার মেশিন। ফলে আখ রোপনের কাজ যেমন হবে সহজ সাধ্য এবং সাশ্রয়ি হবে অর্থ। এর ফলে চিনিকলের আওতায় আখ রোপন বৃদ্ধি পাবে বলে সচেতন মহল মনে করছেন। আধুনিক যন্ত্রপাতির ব্যবহার বাড়ছে কৃষি খাতে। ফলে এর প্রভাব পড়ছে বাড়তি উৎপাদনে। তারি ধারাবাহিকতায় দর্শনা কেরুজ চিনিকলের কৃষি খামারগুলোতে আখ রোপনের জন্য ক্রয় করেছে প্লান্ট মেশিন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে যান্ত্রীক মেশিন দিয়ে বেগমপুর বানিজ্যিক কৃষি খামারের আখ রোপনের মধ্য দিয়ে আখ রোপন কাজের উদ্বোধন করেন চিনিকলের ব্যবস্থপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।

২০২৩-২৪ রোপন মৌসুমে কেরু নিজস্ব জমিতে ১১শ একর আখ রোপনের লক্ষমাত্রা নিয়ে যাত্রা শুরু করেছে। এর মধ্যে কেরুজ বেগমপুর

ফার্মে ১১০ একরের মধ্যে ৪ একর জমিতে আধুনিক প্রযুক্তি মাধ্যমে ৪ একর জমিতে আখ রোপন সম্পর্ন হয়েছে। এর ফলে শ্রমিক দিয়ে একর প্রতি খরচ হতো ২১টি লেবার। যান্ত্রীকি করণের কারণে ৮/১০ জন শ্রমিক বিনিয়োগ করলেই এক একর আখ রোপন অনায়েশে করতে পারবে কর্তৃপক্ষ।

ব্যবস্থপনা পরিচালক বলেন, এ যন্ত্র ব্যবহারের ফলে সময় ও অর্থ শাশ্রয় হবে। চলতি মোরসুমে ৪টি মেশিন আমদানি করা হয়েছে। আগামীতে এলাকাবাসি আখ চাষ করতে চাইলে এ যন্ত্র সহজমূল্যে চাষিদেরকে দেয়ার ব্যবস্থা করা হবে।

এসময় উপস্তিত ছিলেন চিনিকলের মহা ব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভুইয়া, ফার্ম ম্যানেজার সুমন কুমার সাহা, কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক মাসুদুর রহমান, আখচাষি আবজালুল হক ধীরু, এছাড়া উপস্থিত ছিলেন, কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, ঈক্ষু সংগ্রহ (সিপিও), মাহবুবুর রহমান, ইক্ষু সংগ্রহ (ডিজিএম) আবু তালহা, ডিহি খামার ইনচার্জ ইমদাদুল হক, বেগমপুর খামার ইনচার্জ ফিরোজ আহম্মেদ,ঝাঝরি খামার ইনচার্জ মিনারুল ইসলাম, কেরুর শ্রমিক ইউনিয়নের সহ সভাপতি মোস্তাফিজুর রহমান, সাবেক সহ সাধারন সম্পাদক খবির উদ্দিন, সহ অন্যন্যা কর্মকর্তা আাখ চাষি ও খামার সংশিষ্ট বিভিন্ন শ্রমিক কর্মচারি উপস্থিত ছিলেন।